# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.১১.০০১.১৮-২১৯ তারিখঃ ১০/০৪/২০১৮খ্রিঃ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা'র নিম্নবর্ণিত শূন্য স্থায়ী পদে অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত বেতন স্কেলে জনবল নিয়োগ করা হবে। আগ্রহী পুরুষ ও মহিলা প্রার্থীগণ শুধুমাত্র অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন। সেজন্য প্রার্থীগণকে ১৭/০৪/২০১৮খ্রিঃ হতে ১৭/০৫/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে http://job.ebmeb.gov.bd ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করে আবেদন করতে হবে।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল/ ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | প্রোগ্রামার | ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড নং-৬) | **শিক্ষাগত যোগ্যতাঃ**<br>১। কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ ফলিত পদার্থ/ গণিত/ পরিসংখ্যান/ অর্থনীতি/ সমাজ বিজ্ঞান/ বাণিজ্য/ ব্যবসায় প্রশাসন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>অথবা,<br>বিএসসি ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ**<br>১। পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।<br>২। সহকারী প্রোগ্রামার হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে তবে কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ০২ | সহকারী প্রোগ্রামার | ২২০০০-৫৩০৬০ (গ্রেড নং-৯) | **শিক্ষাগত যোগ্যতাঃ**<br>১। সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ ফলিত পদার্থ/ গণিত/ পরিসংখ্যান/ বাণিজ্য/ ব্যবসায় প্রশাসন/ অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>অথবা,<br>বিএসসি ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ**<br>১। কোন পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।<br>২। কম্পিউটার Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ০২ |
| ০৩ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ২২০০০-৫৩০৬০ (গ্রেড নং-৯) | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ০৪(চার) বছর মেয়াদী কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ০১ |
| ০৪ | শারীরিক শিক্ষা অফিসার | ২২০০০-৫৩০৬০ (গ্রেড নং-৯) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা ইনস্টিটিউট হতে বিপিএডসহ স্নাতক ডিগ্রি। সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | ০১ |
| ০৫ | উপ-সহকারী প্রকৌশলী কাম তত্ত্বাবধায়ক | ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড নং-১০) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে পুরঃকৌশল এ ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | ০১ |
| ০৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০ (গ্রেড নং-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে (জিপিএ- ২.০০ বা তদূর্ধ্বে) এইচএসসি/ আলিম/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং প্রতি মিনিটে বাংলা ও ইংরেজি মুদ্রাক্ষর লিখনে যথাক্রমে অন্যূন ২০ ও ২৮ শব্দের গতি থাকতে হবে। Ms word, Ms Excel, Power point, Ms Access, Internet- এ কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। | ১৭ |
| ০৭ | ইলেকট্রিশিয়ান | ৯৩০০-২২৪৯০ (গ্রেড নং-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/ দাখিল/ সমমানের পরীক্ষার উত্তীর্ণ হতে হবে এবং কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পরীক্ষার সার্টিফিকেট থাকতে হবে। | ০২ |

**অন্যান্য তথ্যাবলি এবং আবেদনপত্রের সাথে যে সকল প্রয়োজনীয় তথ্য দিতে হবে তার বিবরণ নিম্নরূপঃ**

১) প্রার্থীর রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল) JPEG ফরম্যাটে আবেদন ফরমে 'প্রার্থীর ছবি' প্রদর্শিত নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

২) প্রার্থীর স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল) JPEG ফরম্যাটে আবেদন ফরমে 'প্রার্থীর স্বাক্ষর' প্রদর্শিত স্থানে সংযুক্ত করতে হবে।

৩) অনলাইনে আবেদন করার সময় প্রাপ্ত 'টিটি স্লিপ' প্রিন্ট করে সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা আবেদন ফি জমা প্রদান করা হলে আবেদন গৃহিত হবে।

৪) সকল পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ০১/০৩/২০১৮ তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে, তবে 'প্রোগ্রামার' পদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ ৩৫ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫) বিধি অনুযায়ী সকল কোটা সংরক্ষণ করা হবে।

৬) ক) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০১০ তারিখে মুবিমঃ/সনদ-১/প-১/২০০২/২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক সংশ্লিষ্টের পিতা/মাতার নামে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

খ) মুক্তিযোদ্ধা সনদ হিসেবে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে, তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল/সাময়িক সনদ নিয়োগ কমিটির নিকট উপস্থাপন করতে হবে। অন্যথায় উল্লিখিত কোটায় সংশ্লিষ্ট প্রার্থীকে গণ্য করা হবে না।

৭) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/উপজাতি/আনসার ও প্রতিরক্ষা সদস্যদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

৮) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০) কর্তৃপক্ষ প্রয়োজনবোধে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

১১) কোন একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না।

১২) অসম্পূর্ণ ও ভুল তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৩) বিগত ১৭/১২/২০১২ তারিখে নং-বামাশিবো/সংস্থা/১৬/নিয়োগ এবং স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.১১.০০১.১৮-১০০; তারিখঃ ১৮/০২/২০১৮খ্রিঃ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৪) প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতা সনদসহ যাবতীয় কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

১৫) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বাছাই পরীক্ষার পদ্ধতি পরবর্তীতে প্রার্থীর অনুকূলে ইস্যুকৃত প্রবেশপত্রে উল্লেখ করা হবে।

১৬) চূড়ান্তভাবে নির্বাচিত এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ তাদের শিক্ষানবিশকাল ও অন্যান্য শর্তাবলী সন্তোষজনকভাবে প্রতিপালনের পর তাদের চাকুরী স্থায়ীকরণ করা হবে।

১৭) কোন কারণ দর্শানো ব্যতিরেকে বোর্ড কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮) নিয়োগ সংক্রান্ত যে কোন নোটিশ http://job.ebmeb.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। ডাকযোগে বা সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

10.04.18


(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Email- registrar@bmeb.gov.bd